



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৩১

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ২১ মার্চ ২০২৩ তারিখ মঙ্গলবারে অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার বিষয়ক দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন প্রেরণ।

সূত্র: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.১.১ অনুযায়ী

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.১.১ অনুযায়ী ২১ মার্চ ২০২৩ খ্রি: তারিখ মঙ্গলবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: কর্মশালার প্রতিবেদন।

০৫-০৪-২০২৩
আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

দৃষ্টি আকর্ষণ:

উপসচিব, সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.৩১/১ (২)

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
- ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



০৬-০৪-২০২৩
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক

প্রতিবেদনের অংশ:

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার’ বিষয়ক ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবারে অনুষ্ঠিত কর্মশালার প্রতিবেদন প্রেরণ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ২.২ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবারে ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার’ বিষয়ক দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালা উদ্বোধন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ।

২। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালায় ট্রাস্টের ২২ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। ট্রাস্টের সম্মেলন কক্ষে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে এটুআই-এর কনসালট্যান্ট (উপসচিব) এ.এইচ.এম. মাহফুজুর রহমান এবং ট্রাস্টের পরিচালক (যুগ্ম সচিব) কাজী দেলোয়ার হোসেন, ট্রাস্টের উপপরিচালক (উপসচিব) জনাব জান্নাতুল ফেরদৌস সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করেন। সহকারী পরিচালক (উপবৃত্তি) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ এবং সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) রেজওয়ানা আক্তার জাহান কর্মশালায় র‌্যাপোর্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার’ বিষয়ক ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণের স্থিরচিত্র-

